Prudent management marks the affairs of Dinajpore Bank Ltd.—Hindusthan Standard.

নির্ভয়ে টাকা আমানতের বিশ্বস্ত প্রতিষ্ঠান,

"দিনাজপুর ব্যাঙ্ক লিঃ"

( সিডিউল্ড ও ক্লিয়ারিং )

হেড অফিস :— ১১, ক্লাইভ রো, কলিকাতা

শাখাসমূহ :— জলপাইগুড়ি, রামপুরহাট, রায়গঞ্জ, জঙ্গিপুর, রাজসাহী, দিনাজপুর, পার্ব্বতীপুর, আলিপুর দুয়ার, ভবানীপুর ( কলিকাতা )

স্থায়ী আমানতের বিবরণ স্থানীয় ম্যানেজারের নিকট জ্ঞাতব্য

Managing Director :—J. M. Sen.
Ex. M. L. C.

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

মণিগ্রামের প্রসিদ্ধ
কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
আবিষ্কৃত

সোণামুখী
কেশ তৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট। মূল্য প্রতি শিশি ১৲ টাকা

প্রাপ্তিস্থান—দশভুজা ঔষধালয়
মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম ( মুর্শিদাবাদ )

৩৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৭ই পৌষ বুধবার ১৩৫৫ ইংরাজী 22nd Dec. 1948 | ৩০শ সংখ্যা

নেতাজী সুভাষচন্দ্র কর্ত্তৃক

পরিদর্শিত ও প্রশংসিত

ক্রমবর্দ্ধনশীল

## নবজীবন ইন্সিওরেন্স কোং
লিমিটেড

( ১৯৩১ সালে স্থাপিত )

বর্ত্তমানে সমস্ত বীমা কোম্পানীর প্রিমিয়ামের হার বর্দ্ধিত হইলেও এই কোম্পানীর হার বর্দ্ধিত হয় নাই। কোম্পানীর 'ব্যালান্স সিট' ইহার পরিচয় প্রদান করিবে।

গভর্ণমেন্ট সিকিউরিটি, রিজার্ভ ব্যাঙ্কে মজুত তহবিল এবং উপযুক্ত একচুয়ারী নিয়োগ কোম্পানীর স্থায়িত্বের দৃঢ়তা ও বীমাকারীদের সুবিধা প্রকাশ করিতেছে।

হেড অফিস : ৮০, নেতাজী সুভাষ রোড, কলিকাতা।

মুর্শিদাবাদ জেলার চীফ এজেন্ট :—
এস, ঘোষাল এণ্ড কোংর নিকট
অনুসন্ধান করুন।

## ১৯০৭--১৯৪৭

'স্বদেশী যুগে'র প্রারম্ভে রবীন্দ্রনাথের পৈতৃক ভবন, জোড়াসাঁকোর সুপ্রসিদ্ধ ঠাকুরবাড়ীতে রবীন্দ্রনাথ প্রমুখ কয়েকজন দেশপ্রাণ মনীষী 'হিন্দুস্থান'-এর গোড়াপত্তন করিয়াছিলেন। তাঁহাদের উদ্দেশ্য ছিল,—জীবন-বীমার দ্বারা ব্যক্তি ও জাতির আর্থিক-উন্নতি সাধন করা। এ বিষয়ে 'হিন্দুস্থান' পূর্ব্বাপর দেশবাসীর নিকট হইতে সর্ব্বান্তরিক সহযোগিতা লাভ করিয়া আসিতেছে এবং গত ৪১ বৎসরের জন-সেবায় ইহা আজ ভারতের অন্যতম সর্ব্ববৃহৎ বীমা-প্রতিষ্ঠানে পরিণত হইয়াছে। ১৯৪৭ সালের সোসাইটির অসামান্য সাফল্যেই তাহার পরিচয় পাওয়া যায়।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| নূতন বীমা | ... | ১২ কোটি | ৩১ লক্ষ | টাকার | উপর | |
| মোট চল্‌তি বীমা | ... | ৫৫ ,, | ৬৩ ,, | ,, | ,, | |
| প্রিমিয়ামের আয় | ... | ২ ,, | ৬১ ,, | ,, | ,, | |
| বীমা তহবিল | ... | ১০ ,, | ৬৩ ,, | ,, | ,, | |
| মোট সংস্থান | ... | ১১ ,, | ৬৪ ,, | ,, | ,, | |
| দাবী শোধ [ ১৯৪৭ ] | ... | প্রায় ৫৪ লক্ষ টাকা | | | | |

কিন্তু হিন্দুস্থানের গর্ব্ব তাহার এই সকল কোটি কোটি টাকার অঙ্কে নহে, সে যে তাহার অকুণ্ঠ সেবা দ্বারা অসংখ্য পরিবারের অর্থসংস্থান করিয়া দিতে পারিতেছে, ইহাই তাহার প্রকৃত গর্ব্বের বিষয়।

## হিন্দুস্থান কো-অপারেটিভ
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস্
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৭ই পৌষ বুধবার সন ১৩৫৫ সাল

# স্বাধীনতার পাঠশালা

—:০:—

স্বাধীনতা লাভের পর সমস্ত ভারত সাম্রাজ্যের শাসন-ভার প্রাপ্ত প্রতিষ্ঠান কংগ্রেসের রাজসূয় অধিবেশন ইংরেজ আমলের করদ ও মিত্ররাজ্যের অন্যতম রাজ্য জয়পুরে অনুষ্ঠিত ও সমাপ্ত হইল। ভারত সাম্রাজ্যের প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলাল নেহেরু হইতে আরম্ভ করিয়া নির্জ্জন অখ্যাত পল্লীর ।০ চারি আনা চাঁদা দেওয়া স্বল্পবিত্ত 'মেম্বর' পর্য্যন্ত এবং সমস্ত দেশের ছোট বড় দর্শকগণ লইয়া প্রায় দুই লক্ষ ভারতবাসীর সমাগম হইয়াছিল। সামান্য ৪।৫ দিনের ব্যবহারের জন্য "গান্ধীনগর" নাম দিয়া এক অস্থায়ী নগর নির্ম্মিত হইয়াছিল। এ নগর আলাদীনের আশ্চর্য্য প্রদীপ ঘষিয়া সহসা উদ্ভূত হয় নাই। প্রায় পৌনে এক কোটি মুদ্রা ব্যয় করিয়া এই নগর নির্ম্মাণ করিতে হইয়াছিল। সাদাসিধেভাবে সপরিবারে দিনপাত করেন যে রাষ্ট্রপতি ডাঃ পট্টভি সীতারামিয়া তাঁহাকে রৌপ্য নির্ম্মিত রথে আরোহণ করাইয়া সনাতন বলীবর্দ্দ (বলদ) দিয়া টানাবার ব্যবস্থা করা হইয়াছিল। মহাত্মা গান্ধীর আদর্শ-বাদ যাঁহাদের মুখে দিনরাত শোনা যায়, যাঁহারা সকলকেই অনাড়ম্বর জীবনযাপন করিতে উপদেশ দিয়া থাকেন, এই কটি-বাসহীন, অর্দ্ধ নগ্ন নরনারীর দেশে, মাত্র কয়েক দিনের জন্য অর্দ্ধ কোটিরও অধিক মুদ্রা ব্যয় করা সদ্ব্যয় না অপব্যয় তাহা রাষ্ট্রপতিই বলিবেন। অনাড়ম্বর জীবন যাপনের উপদেশ এই সব উপদেষ্টার মুখে শ্রবণ করিয়া এক সাহেবী ভাবাপন্ন বাঙ্গালীর বাঙ্গলা ভাষার উন্নতির বক্তৃতা মনে পড়ে। তাঁর বক্তৃতা—

হে, "নেটিভ ব্রাদারগণ"! তোমরা "ফরেন ল্যাঙ্গোয়েজ" পরিত্যাগ করিয়া "মাদার ল্যাঙ্গোয়েজ" ব্যবহার কর। এই অন্নবস্ত্রহীনের দেশের ভারপ্রাপ্ত নেতৃবর্গ যদি রাষ্ট্রপতির মর্য্যাদার (ডিগনিটীর) জন্য এই পর্ব্বত প্রমাণ ব্যয় করিয়া থাকেন, তাহার জবাব ভারতের গবর্ণর জেনারাল রাজা গোপালাচারিয়ায় দিয়াছেন। প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলাল কথিত ২০০০০৲ হাজারের ডিগনিটী ৫৫০০৲ সাড়ে পাঁচ হাজারে নামিয়া অতীতের "ডিগনিটী" সংশোধন করিয়াছে। পণ্ডিতজী নিজের বেতন কত এঁকে, ওঁকে, তাঁকে জিজ্ঞাসা করিয়াও ঠিক পাইলেন না; হয়তো মনে পড়িলে "ডিগনিটী" সংশোধন করিতেন।

যাঁহার আদর্শ দেশকে অনুকরণ করিতে বলা হইতেছে, দেশের লোক সেই মহাত্মার হাঁটু পর্য্যন্ত খাদি কয় জন ধরিয়াছেন? কিন্তু দেশময় জহর কোটের বহর দেখিয়া স্তম্ভিত হইতে হয়। কাজেই আড়ম্বর ত্যাগ নিজেরা করিয়া দেশকে শেখানো উচিত। মহা-পুরুষের কথা—

"গুরু মিলে লাখে লাখ
চেলা মিলে লাখে এক।"

---

## জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যান ও ভাইস্-চেয়ারম্যান নির্ব্বাচন

২২শে ডিসেম্বর বুধবার উক্ত মিউনিসি-প্যালিটীর চেয়ারম্যান ও ভাইস্-চেয়ারম্যান নির্ব্বাচিত হইয়াছেন।

বৈকাল ৩টার সময় নির্ব্বাচন কার্য্যের সময় নির্দ্ধারিত ছিল। বেলা দুইটার পর হইতে স্বাধীন দলের নির্ব্বাচিত কমিশনরগণ আসিতে আরম্ভ করেন। তিনটার অব্যব-হিত পূর্ব্বে সমস্ত কংগ্রেস মনোনীত করদাতা-গণ কর্ত্তৃক নির্ব্বাচিত ৬ জন এবং স্বাধীনভাবে নির্ব্বাচিত ৮ জন কমিশনর মিউনিসিপ্যাল অফিসের সভাগৃহে সমবেত হন। মহকুমা ম্যাজিষ্ট্রেট শ্রীগৌরচন্দ্র মণ্ডল মহাশয় সভাগৃহে উপস্থিত হইয়া কমিশনরগণের আনুগত্যের শপথ গ্রহণ করার ব্যবস্থা আরম্ভ করেন। এমন সময় কংগ্রেস মনোনয়নে নির্ব্বাচিত শ্রীকুবেরচাঁদ হালদার এম-এল-এ, মহাশয়—তিনটা বাজিয়া গিয়াছে, আজ আর নির্ব্বাচন হইতে পারে না বলিয়া এক দরখাস্ত প্রদান করিয়া শপথ গ্রহণের পূর্ব্বেই সভাস্থল ত্যাগ

[অবশিষ্টাংশ ৬ষ্ঠ কলমে দেখুন।

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
## নিলামের দিন ১০ই জানুয়ারী ১৯৪৯

১৯৪৮ সালের ডিক্রীজারী

৬৮৫ থাং ডিঃ শৈলবালা রায় দেং অমৃত মণ্ডল দিং দাবি ১৪॥৴৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে চর দফরপুর ১৬ শতকের কাত ॥৴০ আঃ ৫৲ থং ৬৮

৪২৯ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং ভুজঙ্গভূষণ দাস দিং দাবি ১২৸/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে দোনলিয়া ৩৭ শতকের কাত ॥০ আঃ ৫৲ থং ২৫২

৬৩৬ থাং ডিঃ ঐ দেং কিরণবালা দাসী দাবি ৪০৸৶৩ থানা ঐ মৌজে পাঁচনপাড়া ১-৬ শতকের কাত ৬৶৩ পাই আঃ ৩০৲ থং ২৬৩

৬৩৭ থাং ডিঃ ঐ দেং পরিজাননেসা বিবি দিং দাবি ২৮॥৶৯ মৌজাদি ঐ ১-৭ শতকের কাত ৪৲২ পাই আঃ ২০৲ থং ২৩৫

৬২২ থাং ডিঃ সেবাইত ও স্বয়ং মণিমোহন চৌধুরী দেং সৌদামিনী দাসী দিং দাবি ৫৮॥৶৩ থানা রঘুনাথ-গঞ্জ মৌজে কাঁকুড়িয়া ১-১৩ শতকের কাত ৮॥৴৬॥০ আঃ ৪০৲ থং ১৫৫ রায়ত স্থিতিবান

৬২৭ থাং ডিঃ শম্ভুনাথ পণ্ডিত দেং হাবু দাস দাবি ১৩৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে কালিয়াই মধ্যে জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীভুক্ত ২ শতকের কাত ১॥/৬ আঃ ৫৲ থং ১১৫০ তদুপরিস্থিত গৃহাদি মায় চাল ছাপ্পর, চৌকাঠ, কপাট নওয়া জিমা আদি সহ

৪৭৯ থাং ডিঃ সুরেন্দ্রনারায়ণ রায় দিং দেং উসমান আলি বিশ্বাস দাবি ৩৯॥৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে কালীনগর ॥১॥০ জমির কাত ৫৶১৬ আঃ ৫৲ থং ১০৫২

৫৩২ থাং ডিঃ কানাইলাল রায় দেং ইস্মতুল্লা সেখ দাবি ২৯।৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বড়শিমুল ২৩ শতকের কাত ৩৴৩ আঃ ৫৲ থং ৪৮৫ রায়ত স্থিতিবান

৫১১ থাং ডিঃ তারাপদ রায় দেং তোহুর সেখ দিং দাবি ১৪৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ৭ শত-কের কাত ১॥৶০ আঃ ২৲ থং ৫৪৯

৬০৩ থাং ডিঃ নীরেন্দ্রনাথ ভট্টাচার্য্য দিং দেং সোলেমান সেখ দিং দাবি ২১/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে মথুরাপুর ৬৭ শতকের কাত ১॥৶৯ আঃ ১২৲ থং ১৮৫

৬০৮ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং মঞ্জুলা দেবী দাবি ১৮৭।৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে তালাই ৫-৬৪ শতকের কাত ৩৬।/১১ আঃ ১৫০৲ থং ৫২৪

৬০৯ থাং ডিঃ সেবাইত মৃগেন্দ্রনাথ ভট্টাচার্য্য দিং দেং ভুলালগোবিন্দ রায় দিং দাবি ১৫১॥৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাড়ালা ৫-৬৪ শতকের কাত ২৬॥/০ আঃ ৫০৲ থং ১৭৩৩

৬১০ থাং ডিঃ মহম্মদ সেকান্দার দেং যোগমায়া সরকার দাবি ৪২।৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে খিদির-পুর ৩-৩৭ শতকের কাত ১২৸/০ আঃ ৪০৲

৬১১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৭৸৵৬ মৌজাদি ঐ ৩-৯৫ শতকের কাত ২১৸০ আঃ ৫০৲

৬১২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৭৶৬ মৌজাদি ঐ ৪-৭৮ শতকের কাত ৪২৲ আঃ ১০০৲

৬২৩ থাং ডিঃ হাজি মনিরুদ্দিন আহাম্মদ দেং রহিলা বিবি দাবি ৪২।০ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ৪৩ শতকের কাত ৭৲ আঃ ৩০৲ থং ১৪০২

৫৩৭ থাং ডিঃ পঙ্কজকুমার মুখোপাধ্যায় দেং রোহিণী দাস্যা দিং দাবি ৩৩৸৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুলড়ী ৩-৬ শতকের কাত ১১৸৵১০ পাই আঃ ১৮৲ থং ২২৮ রায়ত স্থিতিবান

৫৩৯ থাং ডিঃ রোশুনেসা বিবি দিং দেং সমসের সেখ দিং দাবি ১২॥/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাশিয়াডাঙ্গা ২ শতকের কাত ॥০ আঃ ৪৲ থং ১০৮ কোর্ফা স্বত্ব

৪৮৩ থাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং হরিহর ঘোষাল দাবি ২৩।/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ২ একরের কাত ডিক্রীদারের নিজাংশে ২৸৶৫ পাই আঃ ২০৲ থং ৯৫৪ রায়ত স্থিতিবান

৪৮৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭॥৯ থানা ঐ মৌজে রামচন্দ্রবাটী ৫৭ শতকের কাত ৩৸১০ পাই আঃ ১৫৲ থং ৭৭ ঐ স্বত্ব

৪৮৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩।/৯ থানা ঐ মৌজে বিজয়পুর ১-৪৭ শতকের কাত ৯৶৩ পাই আঃ ২৫৲ থং ২২ ঐ স্বত্ব

৪৮৫ থাং ডিঃ ঐ দেং পূর্ণচন্দ্র কুনাই দাবি ১৫৩ থানা ঐ মৌজে মণ্ডলপুর ২১ শতকের কাত নিজাংশে ১।১০ পাই আঃ ১৫৲ থং ৯৪২ ঐ স্বত্ব

৬৭৩ থাং ডিঃ মনোরঞ্জন দাস দেং রাজেন্দ্রনাথ রায় দাবি ২৫/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাশিয়াডাঙ্গা ৩০ শতকের কাত ৩৵৮ আঃ ৫৲ থং ৯৪০ কোর্ফা দখলিস্বত্ব বিশিষ্ট দেশাচার অনুসারে

৬৫৯ থাং ডিঃ বুদ্ধু হোসেন মণ্ডল মৃতান্তে নাদির মণ্ডল নাঃ দিং পক্ষে অলি পিতামহ কালু মণ্ডল দেং রাখাল মণ্ডল মৃতান্তে ওয়া-রিশ শ্রীপতি মণ্ডল দিং দাবি ৩০।৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে দফরপুর ৯৪ শতকের কাত ৩॥০ আঃ ৫৲ থং ১১৫১

৬৫৮ থাং ডিঃ ঐ দেং ধনাই মাঝি দাবি ৩২৵৯ থানা ঐ মৌজে বাগপাড়া ২-৯৩ শতকের কাত ৯৲ আঃ ৫৲ থং ৫৬

৬৬২ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ সাহা দাবি ১৬৸৵৯ মৌজাদি ঐ ৫৫ শতকের কাত ১।৶০ আঃ ৫৲ থং ২১৮

৬৬৩ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ সাহা দিং দাবি ১৪॥/৩ মৌজাদি ঐ ৩৩ শতকের কাত ১।৵০ আঃ ৫৲ থং ২২১

৬১৫ থাং ডিঃ ননীগোপাল চক্রবর্ত্তী দেং বিষ্ণুচরণ রায় দাবি ৮১/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিজয়পুর ১-৩০ শতকের কাত ১৬৻১০ আঃ ৫০৲ থং ৯৭২ রায়ত স্থিতিবান

৬১৬ থাং ডিঃ হরিশচন্দ্র মুখোপাধ্যায় দিং দেং সুখুন সেখ দাবি ১০।৵৯ থানা সুতী মৌজে হিলোড়া ২৯ শতকের কাত ৸৵০ আঃ ৫৲ থং ২৭৯৪ রায়ত স্থিতিবান

৩১৪ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং শ্যামমোহন মজুমদার নাঃ পক্ষে অলি মাতা কল্পনালহরী মজুমদার দাবি ১৬।/০ থানা সুতী মৌজে জগতাই ১-৬১ শতকের কাত ৩৸/০ আঃ ১৫৲ থং ২৪৮ রায়ত স্থিতিবান

৬১৭ থাং ডিঃ ননীগোপাল চক্রবর্ত্তী দেং সৌরীন্দ্রমোহন চৌধুরী দিং দাবি ৪১৶০ থানা সুতী মৌজে রাতুরী ১-৫ শতকের কাত ৭॥/১৫ আঃ ২৫৲ থং ৪৬৬, ৪৬৭, ৪৬৮ রায়ত স্থিতিবান

৬৭৫ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দিং দেং মণীন্দ্রমোহন মণ্ডল দিং দাবি ৩২৸০ থানা সুতী মৌজে ডাহিনা ৩-৬০ শতকের কাত ১১।/১৫ আঃ ২৫৲ থং ৯৭

৬৭৬ থাং ডিঃ ঐ দেং সায়রা খাতুন বিবি দিং দাবি ১৪১৶০ মৌজাদি ঐ ৫-৮৬ শতকের কাত ২১॥/০ আঃ ১০০৲ থং ৬৭

৫৭৬ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং মহেশচন্দ্র সিংহ দাবি ৪৪৵০ থানা সুতী মৌজে ভাবকী ৪-৮৪ শতকের কাত ১৩॥৵৩ আঃ ৪৫৲ থং ৬৮৪

৩৮৯ থাং ডিঃ পদ্মকামিনী দেবী দিং দেং অর্দ্ধেন্দুশেখর নাথ দিং দাবি ৬৫৸/৯ থানা সুতী মৌজে হাজিপুর ১৩-১৩ শতকের কাত ১৮।৵৮ পাই আঃ ২৫৲ থং ১৯৬

৩৯২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭৲ মৌজাদি ঐ ২-০৯ শতকের কাত ৩৸৭ পাই আঃ ১০৲ থং ১৯২

---

## অবসরপ্রাপ্ত রেলওয়ে গার্ডের পরলোকগমন

গত ৬ই পৌষ মঙ্গলবার ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ের প্রথম শ্রেণীর অবসরপ্রাপ্ত গার্ড গজেন্দ্রনাথ সেন মহাশয় প্রায় ৭০ বৎসর বয়সে পরলোক গমন করিয়াছেন। গজেন বাবু বীরভূমের হেতমপুরের অধিবাসী। অবসর প্রাপ্তির পর গঙ্গাতীর রঘুনাথগঞ্জে দ্বিতলবাড়ী নির্ম্মাণ করিয়া বসবাস করিতেছিলেন। এখানে দুইটী কন্যার বিবাহ দিয়া আত্মীয়তা সূত্রে নির্ব্বান্ধব ছিলেন না। তিনি পত্নী, দুই পুত্র, তিন কন্যা ও নাতি নাতিনী রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার শোকসন্তপ্ত স্বজন-গণের শোকে সমবেদনা প্রকাশ ও তাঁহার আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

---

( ২য় কলমের জের )

করেন। অন্য পাঁচ জন কংগ্রেসী সভ্য তাঁহার পদাঙ্ক অনুসরণ করেন। তখন এস্, ডি, ও, মহোদয় উপস্থিত স্বাধীন সভ্য ৮ জনের আনুগত্যের শপথ গ্রহণ শেষ করিয়া শ্রীবিশ্বপদ চট্টোপাধ্যায় মহাশয়কে নির্ব্বাচন সভার সভাপতি নিয়োগ করিয়া স্বকর্ত্তব্য সমাপন করেন। তৎপরে উপস্থিত সভ্যগণের সর্ব্বসম্মতিক্রমে শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায়, বি-এল, মহোদয় চেয়ারম্যান নির্ব্বাচিত হন। তাঁহার সভাপতিত্বে শ্রীগৌরীপতি চট্টোপাধ্যায়, এম-বি, মহোদয় সর্ব্বসম্মতিক্রমে ভাইস্-চেয়ারম্যান নির্ব্বাচিত হইয়াছেন।

হাতে কাটা

## বিশুদ্ধ পেতা

মুল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।

## সুলভ আয়ুর্ব্বেদীয় কুটীর

এই স্থানে আয়ুর্ব্বেদমতে তরুণ ও পুরাতন এবং বহুবিধ জটিল ব্যাধির চিকিৎসা হইয়া থাকে। যাঁহারা অন্যস্থানে চিকিৎসা করাইয়া কোনও ফল পান নাই সেই সব রোগীকে আমার চিকিৎসা পরীক্ষা করিতে অনুরোধ করি।

দি মডার্ণ আয়ুর্ব্বেদিক কার্য্যালয় ও বিদ্যালয়
হইতে উপাধি প্রাপ্ত
কবিরাজ শ্রীবৈদ্যনাথ চক্রবর্ত্তী,
এম, আয়ুর্ব্বেদজ্ঞ
গাজিন, পোঃ নুরপুর, (মুর্শিদাবাদ)

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।


জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।





# সুরবল্লী




যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি. কে. সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা

দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত